

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-২৮/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ৩১ আগস্ট, বৃহস্পতিবার ২০২৩, ১৬ ভাদ্র ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ময়মনসিংহে অবহিতকরণ সভায় সর্বজনীন পেনশন স্কিমের সুফল ও এর ইতিবাচক দিক সকলের কাছে তুলে ধরার আহ্বান
- ০২। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি ১১৮ জন
- ০৩। জামালপুরে বন্যার শঙ্কা
- ০৪। টিসিবির জন্য তেল ও ডাল কিনছে সরকার; ক্রয় করা হবে ৯০ হাজার টন ইউরিয়্যা সার

০১। ময়মনসিংহে অবহিতকরণ সভায় সর্বজনীন পেনশন স্কিমের সুফল ও এর ইতিবাচক দিক সকলের কাছে তুলে ধরার আহ্বান

ময়মনসিংহ জেলা পর্যায়ে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় সর্বজনীন পেনশন স্কিমের সুফল ও এর ইতিবাচক দিক সকলের কাছে তুলে ধরার আহ্বান জানানো হয়েছে। বুধবার (৩০ আগস্ট) সকালে ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে দেশের সর্বস্তরের জনগণকে টেকসই পেনশন কাঠামোয় অন্তর্ভুক্তির মাধ্যমে সর্বজনীন পেনশন স্কিম বাস্তবায়নের উদ্দেশ্যে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সর্বজনীন পেনশন স্কিমের কার্যকর বাস্তবায়ন ও বহল প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলকে একসাথে কাজ করার আহ্বান জানানো হয়। ময়মনসিংহ জেলা প্রশাসক মোঃ মোস্তাফিজার রহমান এর সভাপতিত্বে সভায় সম্মানীয় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উপসচিব মোঃ মনিরুজ্জামান। সম্মানীয় অতিথি সর্বজনীন পেনশন স্কিম কর্মসূচির ওপর প্রেজেন্টেশন উপস্থাপন করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০২। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি ১১৮ জন

বুধবার (৩০শে আগস্ট) দুপুর পর্যন্ত ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে মোট রোগী ভর্তি রয়েছে ১১৮ জন। এর মধ্যে পুরুষ ৯৬, নারী ১৭ ও শিশু রয়েছে ০৫ জন। ২৪ ঘন্টায় নতুন ৩২ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন, সুস্থ হয়ে বাড়ি ফিরে গেছেন ২৬ জন। হাসপাতালের ডেঙ্গু ইউনিটের ফোকাল পারসন ফরহাদ হোসেন হিরা বুধবার এ তথ্য নিশ্চিত করেছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০৩। জামালপুরে বন্যার শঙ্কা

টানা বৃষ্টি ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে জামালপুরে নদ-নদীর পানি বেড়েই চলেছে। এর মধ্যে যমুনা নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে জেলার ইসলামপুর, দেওয়ানগঞ্জ, মেলান্দহ ও মাদারগঞ্জ উপজেলার নিম্নাচল প্লাবিত হয়েছে। বন্যার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। বুধবার (৩০ আগস্ট) সকালে জামালপুর পানি উন্নয়ন বোর্ড (পাউবো) এর নির্বাহী প্রকৌশলী মোঃ রফিকুল ইসলাম জানান, গত ২৪ ঘন্টায় বাহাদুরাবাদ ঘাট পয়েন্টে যমুনা নদীর পানি ১৪ সেন্টিমিটার বেড়েছে, যা বিপদসীমার ০৮ সেন্টিমিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস।

০৪। টিসিবির জন্য তেল ও ডাল কিনছে সরকার; ক্রয় করা হবে ৯০ হাজার টন ইউরিয়া সার

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর জন্য ৪০ লাখ লিটার রাইস ব্রান তেল ও ০৬ হাজার মেট্রিক টন মসুর ডাল কিনছে সরকার। বুধবার (৩০ আগস্ট) অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামালের সভাপতিত্বে ভারুয়ালি অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ২৮ তম বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। বৈঠক শেষে সাংবাদিকদের কাছে বিস্তারিত তুলে ধরেন মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব সাঈদ মাহবুব খান। বৈঠকের অপর সিদ্ধান্ত মোতাবেক, রাষ্ট্রীয় চুক্তির মাধ্যমে কাতারের মুনতাজাত ও দেশীয় প্রতিষ্ঠান কর্ণফুলী ফার্টিলাইজার কোম্পানি (কাফকো) থেকে ৯০ হাজার টন ইউরিয়া সার এবং ৩৫ হাজার টন রক ফসফেট ও এসিড কিনবে সরকার। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ:** বর্তমানে বাল্যবিবাহ বাংলাদেশে একটি গুরুতর ও সামাজিক ব্যথিতে পরিণত হয়েছে। বিশ্বের অন্যান্য দেশের তুলনায় এখানে বাল্যবিবাহের হার বেশি। আগামী প্রজন্মের সুস্থভাবে বেড়ে ওঠা এবং সুনামগরিক হিসেবে গড়ে উঠতেও বাল্যবিবাহ একটি বড় বাধা। তাই বাল্যবিবাহ রোধে সরকার ও স্থানীয় প্রশাসনের প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া সময়ের অন্যতম দাবি।
- (খ) **দৈনিক স্বজন:** ডেঙ্গু সারা দেশে ছড়িয়ে পড়েছে। হাসপাতালগুলোতে রোগীদের ঠাঁই হচ্ছে না। এমন পরিস্থিতিতে সারাদেশে একশ্রেণীর ওষুধ ব্যবসায়ী নেমেছে অতিরিক্ত মুনাফা সংগ্রহে। ডেঙ্গু রোগীদের জন্য অতি জরুরী স্যালাইন বিক্রি হচ্ছে ৩-৪ গুণ বেশি দামে। যথাযথ কর্তৃপক্ষের এ বিষয়ে নজরদারি করা জরুরি।
- (খ) **দৈনিক নিউ টাইমস:** পাহাড় ধসে প্রাণহানির ঘটনা থামছে না। একদিকে জলবায়ুর প্রভাবে পাহাড় ধসের সংখ্যা বাড়ছে, অন্যদিকে বারবার পত্রিকায় উঠে আসছে যে, প্রভাবশালীদের লোভের শিকার হয়ে একে একে পাহাড় যেমন নিশ্চিহ্ন হচ্ছে, তেমনি ঘটছে প্রাণহানীর ঘটনাও। ফলে সামগ্রিকভাবে পাহাড় ধসে প্রাণহানির ঘটনা কতটা ভীতিপ্রদ ও আশঙ্কাজনক তা আমলে নিতে হবে এবং এর পরিপ্রেক্ষিতে করণীয় নির্ধারণ সাপেক্ষে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ১। উন্নয়নের পথে চীন বরাবরই বাংলাদেশের আস্থাশীল অংশীদার- জাং শিওইয়ু (বৃষ্টি) (দৈনিক সবুজ)
- ২। অর্থ পাচার: প্রযুক্তির চালাকি নাকি গ্রাহকের বোকামি!-ড. এম. মেসবাহউদ্দিন সরকার (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ৩। জাতীয় কবি কাজী নজরুল ইসলাম আমাদের গর্ব-মো: হায়দার আলী (দৈনিক স্বজন)

#